গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সংস্কার শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নম্বর: ১৬.০০.০০০০.০২০.০২.০০১.২১.৪০

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৮
১৬ ফেব্রুয়ারি ২০২২

## অফিস আদেশ

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী ৬: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম [১.২.১] একটি সেবা ২৫.০২.২০২২ তারিখের মধ্যে সহজিকরণের লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত কর্মপরিকল্পনা মোতাবেক ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে ২০২১-২২ অর্থবছরে অনুদানের ০২টি ও হজের ০১টি সহ মোট ০৩টি সেবা সহজিকরণের উদ্যোগ গ্রহণ করা হয়, যা নিম্নরূপ:

১। ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান সহজিকরণ;
২। ধর্মীয় প্রতিষ্ঠানে EFT এর মাধ্যমে অনুদান প্রদান;
৩। সরকারি ব্যবস্থাপনায় হজ গমনেচ্ছু ব্যক্তিদের প্রাক-নিবন্ধন রিফান্ড সিস্টেম।

উক্ত তিনটি সেবার সহজিকরণ সম্পন্ন হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে।

### বাস্তবায়িত সহজিকৃত সেবার সংক্ষিপ্ত বিবরণ

০১) ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান সহজিকরণ

ক) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে প্রতি অর্থ বছরে ধর্মীয় প্রতিষ্ঠানের (মসজিদ, কবরস্থান, ঈদগাহ, মন্দির, গীর্জা, প্যাগোডা, শ্মশান) অনুকূলে অনুদান প্রদান করা হয়ে থাকে।ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান প্রক্রিয়া সহজিকরণের জন্য নির্ধারিত ফরমে প্রত্যয়নের ০৩টি ধাপের মধ্যে ০২টি ধাপ বাদ দিয়ে ০১টি ধাপ করা হয়েছে।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুদান শাখার ০১ সেপ্টেম্বর ২০২১ তারিখের স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০০২.০২.০০১.১৬.১৩৫ মূলে অনুদান প্রদানের ফরমে প্রত্যয়নের ধাপ হ্রাসকরণ করা হয়েছে। বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ের মাধ্যমে নতুন ফরম ছাপানো হয়েছে এবং বিতরণ করা হয়েছে।

খ) আবেদনকারী ধর্মীয় প্রতিষ্ঠান হতে আবেদনের সাথে প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্যসহ (হিসাবের নাম, হিসাব নম্বর, ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর) আবেদন করছেন। অনুমোদনের পর EFT'র মাধ্যমে আবেদনকারী প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে স্বয়ংক্রিয়ভাবে অর্থ স্থানান্তর (Transfer) করা হচ্ছে।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুদান শাখার ১৩ ডিসেম্বর ২০২১ তারিখের স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০০২.০২.০১২.২১.১ মূলে অনুমোদিত ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে EFT'র মাধ্যমে আবেদনকারী প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে স্বয়ংক্রিয়ভাবে অর্থ স্থানান্তর (Transfer) এর জন্য ২০২১-২২ অর্থবছরে প্রথম অফিস আদেশ (GO) জারি করা হয়। এ কার্যক্রম চলমান রয়েছে।

০২) সরকারি ব্যবস্থাপনায় হজগমনেচ্ছু ব্যক্তির প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা সহজিকরণ

পবিত্র হজ পালনের জন্য একজন হজগমনেচ্ছু ব্যক্তি প্রথমে জাতীয় পরিচয়পত্র দিয়ে প্রাক-নিবন্ধন করে থাকেন। কোন হজগমনেচ্ছু ব্যক্তি প্রাক-নিবন্ধন বাতিল করতে চাইলে উদ্ভাবিত পদ্ধতিতে প্রাক-নিবন্ধনকারী ব্যক্তির প্রাক-নিবন্ধন বাতিলের আবেদনের সময় তাঁর নিজের ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্যসহ অনলাইনে আবেদন করবেন। মন্ত্রণালয় হতে অনুমোদনের পর ব্যাংক হতে আবেদনটি

নিষ্পত্তি (Disbursement) হবে এবং আবেদনকারীর ব্যাংক হিসেবে স্বয়ংক্রিয়ভাবে EFT'র মাধ্যমে অর্থ স্থানান্তর (Transfer) হবে।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ শাখার ২৩.০১.২০২১ তারিখের স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৩৫.০০১.১৬.২৫ মূলে আয়োজিত এ সংক্রান্ত উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় ধর্ম প্রতিমন্ত্রী মহোদয় সরকারি ব্যবস্থাপনায় হজগমনেচ্ছু ব্যক্তির প্রাক-নিবন্ধন রিফান্ডের অর্থ অনলাইনে (BEFTN পদ্ধতি) ফেরত প্রদান কার্যক্রম উদ্বোধন করেন। বর্তমানে সিস্টেমটি মন্ত্রণালয়ের তথ্য বাতায়নে (www.mora.gov.bd) ও হজ বিষয়ক পোর্টালে (www.hajj.gov.bd) লাইভ (LIVE) রয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে।

লিংক: https://www.hajj.gov.bd/application-of-govt-pilgrim-pre-registration-refund

১৬-২-২০২২

মোঃ আবুল কালাম আজাদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮-০২-৯৫৪০১৬৪
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১২২৮৬
ইমেইল: reform_sec@mora.gov.bd

নম্বর: ১৬.০০.০০০০.০২০.০২.০০১.২১.৪০/১(৩২)

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৮
১৬ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
২) অতিরিক্ত সচিব (উন্নয়ন), উন্নয়ন অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৩) অতিরিক্ত সচিব (হজ), হজ অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৪) অতিরিক্ত সচিব (সংস্থা ও আইন), সংস্থা ও আইন অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৫) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৬) যুগ্মসচিব (বাজেট ও অনুদান), বাজেট ও অনুদান অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৭) ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
৮) যুগ্মসচিব (বাজেট ও হিসাব), বাজেট ও হিসাব অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৯) পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
১০) যুগ্মসচিব (সমন্বয় ও সংস্কার) (অতিরিক্ত দায়িত্ব), সমন্বয় ও সংস্কার অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
১১) উপসচিব (প্রশাসন), প্রশাসন অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১২) উপসচিব (উন্নয়ন), উন্নয়ন অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১৩) উপসচিব (অনুদান), অনুদান অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১৪) মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১৫) উপসচিব (হজ), হজ অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

১৬) সচিব, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

১৭) উপসচিব, হজ-১ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

১৮) সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

১৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

২০) সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

২১) সচিব, খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

২২) সিনিয়র সহকারী সচিব, অনুদান শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

২৩) সিনিয়র সহকারী সচিব, হজ-২ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

২৪) সিনিয়র সহকারী সচিব, আইন শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

২৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

২৬) সহকারী সচিব, সমন্বয় শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

২৭) সহকারী সচিব, সংস্থা-২ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

২৮) সহকারী সচিব, প্রশাসন-২ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

২৯) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

৩০) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

৩১) সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী , আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।।

৩২) অফিস কপি।

১৬-২-২০২২
মোঃ আবুল কালাম আজাদ
সিনিয়র সহকারী সচিব